ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



সেটে ঐশ্বরিয়াকে স্পর্শ বানসালির, যা করেছিলেন সালমান

পৃঃ ৫



কোহলিকে ছাড়িয়ে বাবরের বিশ্বরেকর্ড

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৬০ ● কলকাতা ● ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ১৩ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## লিপ্‌স অ্যান্ড বাউন্ডস' থেকে ১৪৮ কোটি টাকার

# সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লিপ্‌স অ্যান্ড বাউন্ডস' সংস্থা ও তার ডিরেক্টরদের কাছ থেকে বাজেয়াপ্ত হওয়া সম্পত্তির পরিমাণ এত কম কেন, তা নিয়ে প্রশ্ন তুললেন কলকাতা হাই কোর্টের বিচারপতি অমৃতা সিংহ। ইডির তদন্তকারীদের একাংশের 'ভূমিকা' নিয়ে ক্ষোভ প্রকাশ করে বিচারপতির প্রশ্ন, এখনও পর্যন্ত যে টাকা বাজেয়াপ্ত হয়েছে, তদন্তকারীরা তার উৎসে পৌঁছতে পেরেছেন কি না।পাল্টা বিচারপতি সিংহ জানান, সুপ্রিম কোর্ট রক্ষাকবচ দিলেও মানিককে জিজ্ঞাসাবাদে তো বাধা নেই। তা তো করতেই পারেন তদন্তকারীরা। তা কেন করা হচ্ছে না, সেই প্রশ্ন তুলেছেন বিচারপতি। জবাবে ইডির আইনজীবী জানান, মানিককে যে ভাবে জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন, তা করা যাচ্ছে না রক্ষাকবচের জন্যই। তবে তদন্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ পর্যায়ে রয়েছে। আরও কিছুটা সময় প্রয়োজন। এর পর সিবিআই ও ইডিকে নতুন করে রিপোর্ট দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি সিংহ। জানিয়েছেন, মামলার পরবর্তী শুনানি আগামী ৩০ জুলাই।প্রসঙ্গত, ইডি আগেই একটি বিবৃতিতে জানিয়েছিল, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক 'লিপ্‌স অ্যান্ড বাউন্ডস' সংস্থার সিইও। ইডি এ-ও জানিয়েছিল, সংস্থার ডিরেক্টর পদের সঙ্গে যুক্ত রয়েছেন অভিষেকের বাবা-মাও। অভিষেক নিজেও এই সংস্থাকে 'আমার সংস্থা' বলে উল্লেখ করেছিলেন গত বছর।বুধবার প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলার শুনানি ছিল। সেই শুনানিতে ইডি আদালতে রিপোর্ট দিয়ে জানায়, তারা এখনও পর্যন্ত 'লিপ্‌স অ্যান্ড বাউন্ডস' থেকে ১৪৮ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে। বর্তমানে

এরপর ৩ পাতায়

## কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে টাকা দেওয়া শুরু করে দিল রাজ্য সরকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে টাকা দেওয়া শুরু করে দিল রাজ্য সরকার। বুধবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে এই বিষয়ে জানিয়েছেন। রাজ্যের ১ কোটি ৫ লক্ষ কৃষক ও বর্গাদারকে মোট ২ হাজার ৯০০ কোটি টাকা সহায়তা করা হবে।মমতা আরও জানান, "১৮ বছর থেকে ৬০ বছর বয়স পর্যন্ত কোনও কৃষক মারা গেলে তাঁর পরিবারকে সামাজিক সুরক্ষা দেওয়ার জন্য ২ লক্ষ টাকা সহায়তাও দেওয়া হয়। এই খাতেও বাংলার প্রায় ১ লক্ষ ১২ হাজার কৃষক পরিবার মোট ২ হাজার ২৪০ কোটি টাকা সহায়তা পেয়েছেন।"

মমতা বন্দ্যোপাধ্যায় সবসময়ই কৃষকদের পাশে থাকার বার্তা দিয়ে এসেছেন। দেশজুড়ে কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে কৃষকরা যখন আন্দোলন করা শুরু করেছিল তখনও তাঁদের পূর্ণ সমর্থন জানিয়েছিলেন মমতা। নরেন্দ্র

এরপর ৩ পাতায়

## রাজনীতি থেকে কিছুদিনের জন্য

# ছুটি নিচ্ছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কয়েক মাস ধরে অক্লান্ত পরিশ্রম করেছেন তৃণমূলের সেনাপতি। দলকে লোকসভা নির্বাচনে অসাধারণ সাফল্য এনে দেওয়ার পিছনে গুরুত্বপূর্ণ ভূমিকাও নিয়েছেন অভিষেক। এ বার কিছু দিনের জন্য রাজনীতি থেকে বিরতি নিচেছন তিনি। এদিন অভিষেক লিখেছেন, লক্ষ্মীর ভান্ডার নিয়ে বহু মানুষ তাকে জানিয়েছিলেন। লক্ষ্মীর ভান্ডারের ভাতা বেড়েছে। একই সাথে সাধারণ মানুষ তাকে তাদের ১০০ দিনের কাজের অসুবিধার কথা বলেছিল। প্রসঙ্গত, ১০০ দিনের কাজ নিয়ে আন্দোলন তীব্র করে তৃণমূল কংগ্রেস। শুধু এই রাজ্যে নয়, দিল্লির দরবার অবধি সেই আন্দোলন গিয়েছিল। সাধারণ মানুষের টাকা আটকে রাখার জবাব মানুষ এই লোকসভা ভোটে দিয়েছে বলে উল্লেখ করেছেন অভিষেক বন্দোপাধ্যায়। পাশাপাশি তিনি মনে করিয়ে দিয়েছেন, আবাস নিয়েও তারা যে প্রতিশ্রুতি দিয়েছেন সেটা তারা রক্ষা করবেন।

মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়ের প্রচেষ্টায় তৃণমূল দুর্দান্ত ফল করেছে রাজ্যে। ৪২টা আসনে লড়াই করে ২৯টা আসন জিতেছে তৃণমূল। শুধু তাই নয় আসন সংখ্যা বেড়ে যাওয়ায় ইন্ডিয়া জোটেও

এরপর ৩ পাতায়






# সরকার গঠন হতেই

## চিনকে যোগ্য জবাব দিল ভারত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঠিক যেন পাখির চোখ। সীমানা বরাবর সীমান্তের লড়াই বহু পুরানো। সীমান্ত নিয়ে ভারত এবং চিনের বিবাদ বহু দিনের। ২০২০ সালে ৫ মে প্যাংগং লেকের কাছে সংঘর্ষে জড়ায় দুই দেশের সেনা। তখনই দুই দেশের সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকেছিল। তার পরে দুই পক্ষের সেনা বিবাদ মেটানোর জন্য ২১ বার আলোচনা করেছে।

চলতি বছরের এপ্রিল মাসে চিন অরুণাচল প্রদেশের ৩০টি জায়গার নাম পরিবর্তন করে। সেই নিয়ে ভারত তীব্র প্রতিবাদ জানায়। তার পরে লোকসভা নির্বাচন মিটিয়ে ৯ জুন শপথ নিয়ে তৃতীয় মন্ত্রিসভা। তার পরেই, চিনের দখলে থাকা তিব্বতের ৩০টি জায়গার নাম বদল করার সিদ্ধান্ত নিল ভারত। অরুণাচলের একাধিক জায়গার নাম পরিবর্তনের জবাবে তিব্বতের ৩০ টি জায়গায় নাম পরিবর্তন করল ভারত। নামগুলির পরিবর্তন নিয়ে অনুমোদনও মিলেছে নয়াদিল্লির।

নতুন নাম দেওয়া ৩০টি জায়গার মধ্যে রয়েছে ১১টি জনবসতি এলাকা, ১২টি পর্বত, চারটি নদী, একটি হ্রদ, একটি গিরিপথ একটি জায়গার নাম। অরুণাচল নিয়ে চিনের দাবি বহু দিনের। যদিও বার বারই ভারত জানিয়েছে অরুণাচল ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ। নয়া সরকার গঠন হতেই চিনকে যোগ্য জবাব দিল ভারত।

# অভিনব কায়দায় ফাঁকা বাড়িতে দুঃসাহসিক চুরি

**অভিজিৎ সাহা, নবদ্বীপ, নদিয়া : নিউজ সারাদিন :** নদীয়া জেলার নবদ্বীপ ব্লকের বাবলারি পঞ্চায়েতের সিদ্ধেশ্বরী পাড়ায় অভিনব পদ্ধতিতে চুরি করে সর্বস্ব নিয়ে পালালো চোরেরা। সিদ্ধেশ্বরী পাড়ার বাসিন্দা মুদিখানা ব্যবসায়ী রঘু নাথ সাহা জামাইষষ্ঠী উপলক্ষে ষষ্ঠী করতে শ্বশুর বাড়িতে যান। চুরি হওয়ার ঘটনা শোনা মাত্র এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়। স্ত্রী ও ছোট দুই মেয়ে এক সপ্তাহ আগেই চলে যায়। বাড়িতে কেউ ছিল না। বুধবার সকালে প্রতিবেশী গুরু দাস সাহা রঘুনাথের বাড়িতে বেলপাতা আনতে যাওয়ার সময় লক্ষ্য করে এই রকম দৃশ্য। তৎক্ষণাৎ ফোন করা হয় এবং ফোন মারফত জানতে পারেন তার বাড়িতে চুরি হয়েগিয়েছে। খবর পেয়ে তড়িঘড়ি বাড়িতে এসে দেখেন ঘরের ভেতরে থাকা আলমারি ভেঙে সোনা রুপোর গহনা এবং নগদ টাকা নিয়ে গিয়েছে চোরেরা।

বাড়ির গৃহকর্তা রঘুনাথ সাহা বলেন, মঙ্গলবার বিকালে জামাইষষ্ঠী উপলক্ষে বাড়িতে তালা মেরে বিরাটি শ্বশুর বাড়িতে গিয়েছিলাম। আমার স্ত্রী দুই মেয়েকে নিয়ে এক সপ্তাহ আগে বাপের বাড়ি গিয়েছিলেন। মঙ্গলবার রাতে বাড়িতে কেউ ছিলনা। অভিযোগ ফাঁকা বাড়ির সুযোগে রাতে কে বা কারা বাড়ির পেছনে রাখা বাঁশ দিয়ে মই বানিয়ে ছাদে ওঠে। তারপর সিঁড়ির ছাদের টিন খুলে সিঁড়ি দিয়ে নেমে ঘরে ঢোকে। ঘরের ভেতরে থাকা দুটি আলমারি ভেঙে সোনা রূপা গহনা ও টাকা পয়সা আনুমানিক দু থেকে তিন লক্ষ টাকার জিনিসপত্র নিয়ে চম্পট দেয়। নবদ্বীপ থানায় অভিযোগ দায়ের করা হলে ঘটনাস্থলে তদন্ত করতে পুলিশ আসে। পুলিশ সমস্ত দেখেনথি করে নিয়ে যান এবং তদন্ত শুরু করবেন বলে জানান।

নবদ্বীপ শহর গ্রাম এলাকায় চুরির উপদ্রব বেড়ে যাওয়ার ফলে প্রশাসন খুব চিন্তিত। গত দু মাস ধরে নবদ্বীপ শহরে এবং বাবলারি পঞ্চায়েত এলাকায় বেশ কিছু বাড়িসহ দোকানে চুরি হয়েছে। সিদ্ধেশ্বরী পাড়ার বাসিন্দারা জানান বেশ কয়েক বছর চুরির উপদ্রব কম ছিল বর্তমানে চুরির সংখ্যাটা দিন দিন বেড়েই চলেছে। বৈশাখ মাসে সিদ্ধেশ্বরী মায়ের মন্দিরের অনুদানের বাক্স কয়েকবার ভেঙে নিয়ে পালিয়ে যায়। মন্দির কমিটির পক্ষ থেকে অভিযোগ জানানো হয়েছে। পঞ্চায়েতের ৩৫ নম্বর বুথের বিষ্ণুপুর এলাকায় পরপর তিনটি বাড়িতে একই কায়দায় চুরি হয় ফাঁকা বাড়িতে চোরেরা মাটির নিচে সিট কেটে চুরি করে সর্বস্ব নিয়ে পালিয়ে যায় বলে অভিযোগ করেন ওই এলাকার শিক্ষক ধনঞ্জয় শীল। পঞ্চায়েত প্রধান নারায়ণ কর্মকার বলেন চুরির অভিযোগ শোনা হয়েছে, নবদ্বীপ থানায় অভিযোগ দায়ের করাও আছে সঠিক ভাবে তদন্ত করা হয় সে ব্যাপারে নজর রাখা হচ্ছে। সবাইকে নিয়ে আলোচনা বসে সিদ্ধান্ত করা হবে বেশ কিছু জায়গায় সিসিটিভি লাগানোর পরিকল্পনা নেওয়া হয়েছে।

# প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন

## শ্রী অজয় টামটা এবং শ্রী হর্ষ মালহোত্রা

**নতুন দিল্লি ১২ জুন ২০২৪ : নিউজ সারাদিন :** শ্রী নীতিন গড়করি আজ নতুন দিল্লিতে সড়ক পরিবহন ও মহাসড়ক দফতরের কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়েছেন শ্রী অজয় টামটা এবং শ্রী হর্ষ মালহোত্রা। তৃতীয় এনডিএ সরকারে এই মন্ত্রকের দায়িত্ব ফের তাঁকে দেওয়ায় শ্রী গড়করি প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে কৃতজ্ঞতা জানান। শ্রী মোদীর দূরদর্শী নেতৃত্বে ভারতে আরও দ্রুত গতিতে বিশ্বমানের আধুনিক পরিকাঠামো গড়ে উঠবে বলে তিনি প্রত্যয় ব্যক্ত করেন।

নতুন দিল্লির ট্রান্সপোর্ট ভবনে পদস্থ আধিকারিকদের সঙ্গে মন্ত্রকের সচিব শ্রী অনুরাগ জৈন, শ্রী গড়করি এবং শ্রী টামটা ও শ্রী মালহোত্রাকে স্বাগত জানান।

# প্রথা অনুসারে সৌভাগ্যের উজ্জ্বল

## মঙ্গলকামনায় জামাই ষষ্ঠী




**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** জৈষ্ঠ্য মাসের শুক্লা ষষ্ঠী দিনে বেছে নেওয়া হয় জামাই ষষ্ঠী দিবস। সেই সঙ্গে চলে জমিয়ে ভুঁড়ি ভোজ। চলিত প্রথা অনুযায়ী সৌভাগ্যের উজ্জ্বল মঙ্গল কামনায় মেয়ে - জামাইকে নিমন্ত্রণ করে সমাদর করা হয়।

কথিত আছে যে বিড়াল দেবী ষষ্ঠীর বাহন। একটি পরিবারে দুটি বউ ছিলেন। দুই বউয়ের মধ্যে ছোট বউ লোভী ছিল। যিনি সর্বদা বাড়িতে যখন ভালো খাবার রান্না হত তা লুকিয়ে খেয়ে নিত এবং ঔবিড়ালের উপর দোষ চাপাতেন। ষষ্ঠী দেবী নিজের বাহন বেড়ালের নামে এমন অভিযোগ শোনার পর অত্যন্ত ক্রুদ্ধ হন। ফলস্বরূপ ছোট বউয়ের সন্তানের প্রাণ কেড়ে নেন। কষ্টে ভেঙে পড়েন সেই বাড়ির ছোট বউ। পরে এক বৃদ্ধার রূপ ধারণ করে দেবী ষষ্ঠী তাঁর কাছে যান। ছোট বউকে তাঁর আচরণের কথা মনে করিয়ে দেন। ভুল বুঝতে পেরে, নিজের ভুলের জন্য ক্ষমা চাওয়ায় ষষ্ঠী দেবী ছোট বউকে তাঁর সন্তান ফিরিয়ে দেন। তবে ঘটনাটি জানতে পেরে শ্বশুরবাড়ির লোকজন ক্ষুব্ধ হয়ে তাকে তার বাবার বাড়িতে যেতে বাধা দেয়। ষষ্ঠী পূজার দিন তাদের মেয়েকে দেখতে আগ্রহী বাবা-মা তাদের জামাই এবং তাদের মেয়েকে তাদের বাড়িতে নিমন্ত্রণ করেছিলেন। তাই সেই দিনটি জামাই ষষ্ঠী নামে পরিচিতি লাভ করে। এটি পুনর্মিলন এবং আনন্দের দিন হিসাবে পালিত হয়।

জানেন কি! এই জামাই ষষ্ঠী করা হয় কেন ? এই দিনে শাশুড়ি দেবী ষষ্ঠীকে খুশি করার জন্য ষষ্ঠী পূজা করেন এবং তার কন্যা এবং জামাইদের সৌভাগ্য ও সমৃদ্ধির জন্য তার আশীর্বাদ চান। জামাইকে বাড়িতে আমন্ত্রণ জানানো হয় এবং শাশুড়ির তৈরি নিরামিষ এবং আমিষ উভয় খাবারের একটি দুর্দান্ত ভোজ খাওয়ানো হয়। এই দিনে জামাই মেয়েকে উপহারও দেওয়া হয়। জামাই ষষ্ঠী একটি পরিবারের একত্রিত হওয়ার দিন হিসাবে উদযাপন করা হয় এবং পরিবারের সবাই একসাথে খাবার খাওয়ার মাধ্যমে একত্রিত হয়ে উদযাপন করা হয়।

# নবদ্বীপের মহাপ্রভুর মন্দিরে নদীয়ার জামাই রাজা

## সেবাইতদের কাছে শ্রীমান মহাপ্রভু ষষ্ঠীর দিন জামাতা



**নবদ্বীপ, নদিয়া : নিউজ সারাদিন :** জামাই ষষ্ঠী( অরণ্য ষষ্ঠী ) জাগতিক বা ব্যবহারিক দিক থেকে ঘরের জামাইকে আদর করে বরণ করা। কিন্তু বিষ্ণুপ্রিয়া বংশের সন্তানদের কাছে ষষ্ঠীর দিন মহাপ্রভু ঘরের জামাই।

বছরের আর পাঁচটা দিন তিনি ধামেশ্বর মহাপ্রভু, ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য। কেবল জৈষ্ঠ্য মাসের শুক্লপক্ষের ষষ্ঠী অর্থাৎ জামাইষষ্ঠীর দিনে তিনি মহাপ্রভু মন্দিরের সেবাইতদের কাছে জামাতা। ঘরের মেয়ে বিষ্ণুপ্রিয়ার স্বামী। বিষ্ণুপ্রিয়া দেবীর ভাইয়ের বংশের উত্তরপুরুষেরা বংশ পরম্পরা মহাপ্রভু মন্দিরের সেবা পুজোর অধিকারী। সারা বছর ভোর থেকে রাত পযন্ত ঘড়ির কাঁটা ধরে হয় নিত্যসেবা। তখন তিনি ভক্তের ভগবান।

জামাইষষ্ঠীর দিন সেই দেবতাই হয়ে ওঠেন সকলের প্রিয় জামাই ।গোটা দিনের পুজোর মধ্যেই প্রকাশ পায় জামাই আদর। 'বিষ্ণুপ্রিয়া প্রাণধন' সে দিন সারা নবদ্বীপের মানুষের চোখে জামাই হিসেবেই আদর পেয়ে থাকেন। নবদ্বীপের মহাপ্রভু মন্দিরে কয়েকশো বছর ধরে চলে আসছে এই রীতি।

বিষ্ণুপ্রিয়া দেবীর ভাইয়ের উত্তরপুরুষ তথা মহাপ্রভুর সেবাইত গোস্বামী পরিবারের প্রবীণ সদস্য লক্ষ্মীনারায়ণ গোস্বামী বলেন, “যতটুকু জানি, ষষ্ঠীদাস গোস্বামীর আমল থেকে জামাইষষ্ঠী পালন শুরু হয়েছিল মহাপ্রভু মন্দিরে। ষষ্ঠীদাস ছিলেন বিষ্ণুপ্রিয়া দেবীর ভাই মাধবাচার্যের অধস্তন তৃতীয় পুরুষ। প্রায় ৩৬০ বছর ধরে চলে আসছে এই প্রথা।” আর কোথাও মহাপ্রভুকে এ ভাবে সেবা করা হয় না। দাবি মহাপ্রভু মন্দিরের পরিচালনার দায়িত্বে থাকা সেবাইতদের। বিষ্ণুপ্রিয়া সমিতির সভাপতি সুদিন গোস্বামী এবং সম্পাদক জয়ন্ত গোস্বামী জানান, ভোর সাড়ে পাঁচটায় মঙ্গলারতি কীর্তনে আর পাঁচ দিনের মতোই গাওয়া হয়, 'উঠো উঠো গোরাচাঁদ নিশি পোহাইলো, নদিয়ার লোক সবে জাগিয়া উঠিল…'। কিন্তু এর পর দিনভর সবই অন্য রকম। ভোগের পাত্র এবং পদ সবই এ দিন সকাল থেকেই বদলে যায়। রুপোর রেকাবিতে মরসুমি ফল, রুপোর বাটিতে ক্ষীর, রুপোর গ্লাসে জল। একটু বেলা গড়াতেই বাল্যভোগ। প্রবীণ মহিলারা মহাপ্রভুকে ষষ্ঠীর 'বাটা' দেন। কেউ কেউ বলেন 'ষাট' দেওয়া। আম, দূর্বা, বাঁশের পাতা, লাল সুতো দিয়ে তালপাখার হাত পাখায় বেঁধে ওষাটের বাতাস করেন আর ছড়া কাটেন “জৈ্যষ্ঠ মাসে জামাইষষ্ঠী ষাট ষাট ষাট/ ভাদ্র মাসে চাপড়াষষ্ঠি ষাট ষাট ষাট… ।' এ ভাবে বারোমাসের সব ষষ্ঠীর নাম করে ছড়া বলা শেষ হলে ভোগ দেওয়া হয় ফলার। চিড়ে, মুড়কি, দই, আম, কাঠাল এবং নানা মিষ্টি। মহাপ্রভুকে নতুন ধুতি-পাঞ্জাবিতে সাজানো হয় জামাই বেশে। পরানো হয় রজনীগন্ধা, গোলাপের মালা। গায়ে আতর। সেবাইত সুদিন গোস্বামী জানান, আগের দিনে যখন দোকানের মিষ্টি সহজে মিলত না, তখন সেবাইত পরিবারের মহিলারা মহাপ্রভুর

এরপর ৩ পাতায়

# অর্জুন রাম মেঘওয়াল কে অভিনন্দন বিজেএমসির



**কলকাতা: নিউজ সারাদিন :** আজ জাতীয় বিজেএমসি উপদেষ্টা বিশ্বপ্রিয় রায় চৌধুরীর নেতৃত্বে বিজেএমসির একটি প্রতিনিধি দল নবগঠিত এনডিএ সরকারের আইন ও বিচার মন্ত্রকের প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়ালের সাথে

এরপর ৩ পাতায়







ফিলিস্তিনের উপস্থিতির কারণে

## বৈঠক বাতিল করে দিয়েছেন আর্জেন্টিনার প্রেসিডেন্টের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফিলিস্তিন উপস্থিতি থাকায় আরব ও ইসলামিক গ্রুপের কাউন্সিলের দূতদের সঙ্গে বৈঠক বাতিল করে দিয়েছেন আর্জেন্টিনার প্রেসিডেন্ট জাভিয়ার মিলেই। ঘটনায় তীব্র প্রতিক্রিয়া দিয়েছে ইসলামিক দেশগুলোর সংগঠন অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (ওআইসি)। আর্জেন্টিনার প্রেসিডেন্টের সমালোচনা করে ওআইসি বলেছে, ফিলিস্তিনের উপস্থিতির কারণে তিনি পূর্ব নির্ধারিত বৈঠক বাতিল করে দেওয়ায় তারা হতাশ। জাভিয়ার মিলেই এর এমন সিদ্ধান্ত ফিলিস্তিন রাষ্ট্রের 'মর্যাদা এবং অধিকারকে খর্ব করেছে'। যা ওআইসির প্রতি শত্রুতাপূর্ণ এবং অন্যায়ের সামিল। ওআইসির পক্ষ থেকে আরও বলা হয়েছে, ইসরায়েলের দখলদারিত্বের পক্ষে অবস্থান নিয়ে আর্জেন্টিনার প্রেসিডেন্ট ভুল ইতিহাসের পক্ষ নিয়েছেন। ওআইসির কাছে এমন ব্যবহার অগ্রহণযোগ্য। যা আর্জেন্টিনার প্রেসিডেন্টের সাম্প্রতিক প্রতিকূল আচরণের অংশ হিসেবে দেখে ওআইসি। গাজায় গণহত্যার শিকার হওয়া ফিলিস্তিনের অধিকারকে অস্বীকার করে, আর্জেন্টিনা যে অবস্থান নিয়েছে, তা পুণঃবিবেচনার আহ্বান জানিয়েছে ওআইসি।

২ পাতার পর

# নবদ্বীপের মহাপ্রভুর মন্দিরে নদীয়ার জামাই রাজা সেবাইতদের কাছে শ্রীমান মহাপ্রভু ষষ্ঠীর দিন জামাতা

জন্য এ দিন বিশেষ ছাঁচের মিষ্টি তৈরি করতেন। নারকেল কোরার সঙ্গে ক্ষীর, এলাচ, কাজু, কিসমিস মিশিয়ে গুড় দিয়ে পাক করতেন। সেই পাক কাঠের ছাঁচে ফেলে ফুল, নকশা, পাখি, ছোট মন্দির আকারের মিষ্টি গড়তেন।

এর পর মধ্যাহ্ন ভোগ। প্রতি দিনের ভোগে কচু শাক, মোচা, শুক্ত থাকেই। এ দিন তার সঙ্গে থাকে নানা তরকারি, ডাল, ভাজা, থোড়, বেগুনপাতুরি, ছানার রসা (ডালনা), ধোকার ডালনা, লাউ, চালকুমড়ো পোস্ত,পনির পসন্দ'-থাকেই তবে এ দিনের একটি বিশেষ পদ হল আমক্ষীর। আমের রস ক্ষীরের সঙ্গে মিশিয়ে জ্বাল দিয়ে প্রস্তুত করা হয় ওই বিশেষ পদটি। দেওয়া হয় নানা মশলা দিয়ে সাজানো সুগন্ধি পান।

বিকেল পাঁচটায় উত্থান ভোগ। রুপোর রেকাবিতে ছানা, মিষ্টি দেওয়া হয়। সন্ধ্যায় নাটমন্দিরে বিশেষ পাঠ কীর্তন, রাত ৯টায় শয়ন ভোগে থাকে লুচি, মালপোয়া আর রাবড়ি। সঙ্গে আবার খিলি করে সাজা সুগন্ধি পান।

মহাপ্রভুকে নিজের সন্তানতুল্য মনে করে 'বাটা' বা 'ষাটের' বাতাস দিতে এ দিন প্রচুর স্থানীয় মহিলা ভিড় করেন মহাপ্রভু মন্দিরে। আরাধ্য দেবতাকে পিতা, মাতা, সন্তান বলে পুজোর রীতি এ দেশে চিরকালের। তবে জামাই বলে দেবতাকে আপন করে নেওয়ার রীতি নবদ্বীপ ছাড়া বড় একটা দেখা যায় না। এইভাবে নদীয়ার নবদ্বীপ অন্তরের ভগবানের জামাইষষ্ঠী উৎসব পালন করেন।

ষষ্ঠী উৎসব উপলক্ষে নবদ্বীপের বিভিন্ন প্রান্ত আকৃতির প্রস্তর খন্ড শিব, ষষ্ঠী ও জয় দুর্গা নামে পুজিত হয়। নবদ্বীপে বউবাজারের ১৯৯৯ সাল থেকে বানেশ্বর শিব মন্দিরের পাশে ছোট মন্দিরে পুজিত হয়। নবদ্বীপের বুড়ো শিবতলা রোডের ষষ্ঠী তলায় বারো মাস ষষ্ঠী মূর্তি পূজিত হয়ে আসছে। নবদ্বীপের পাঁচ মাথা মোড়, এবং চটির মাঠ বাঁধ রোডের স্পোর্টিং ক্লাবের সম্মুখে ষষ্ঠী মূর্তি পূজিত হয়ে আসছে।

১ পাতার পর

# লিপ্‌স অ্যান্ড বাউন্ডস' থেকে ১৪৮ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি

যার বাজারমূল্য অন্তত ২৫০ কোটি টাকা। মঙ্গলবারই 'লিপ্‌স অ্যান্ড বাউন্ডস' সংস্থার সাড়ে ১৩ কোটি টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। এর পরেই ইডির উদ্দেশে বিচারপতি সিংহের প্রশ্ন, ''কোম্পানি আর কোম্পানির ডিরেক্টরদের সম্পত্তির পরিমাণ এত কম কেন?'' ইডি ও সিবিআইয়ের আইনজীবী ধীরাজ ত্রিবেদীর উদ্দেশে বিচারপতি বলেন, "আপনারা যে রিপোর্ট দিচ্ছেন, তাতে মনে হচ্ছে, এই সংস্থার নিজস্ব কোনও আয়ের উৎস নেই। টাকা অন্য কোথা থেকে আসছে। কোথা থেকে ওই টাকা এসেছে, তা কি আপনারা খুঁজে দেখেছেন?"বিচারপতির পর্যবেক্ষণ, ইডির কিছু অফিসার তদন্তে গাফিলতি করছেন। এমনকি তাঁদের নামও তিনি জানেন বলে জানিয়েছেন বিচারপতি সিংহ। সেই অফিসারদের সতর্ক করে তিনি বলেন, "পুরো তদন্ত আদালতের নজরদারিতে হচ্ছে। কাকে জিজ্ঞাসাবাদ করা হবে, কাকে করা হবে না, কেন করা হবে না, কখন করা হবে ইডি অফিসারদের এই সব তথ্য বিশ্বস্ত সূত্র মারফত আমার কাছে রয়েছে।"তদন্তের অগ্রগতি নিয়েও প্রশ্ন তুলেছেন বিচারপতি। ইডির উদ্দেশে তিনি বলেন, তদন্ত যে গতিতে এগোচ্ছে, তাতে কত দিনের মধ্যে তা শেষ হবে, কত দিনের মধ্যের চার্জ গঠন হবে, তা নিয়ে তিনি যথেষ্ট সন্দিহান। তদন্তে অগ্রগতি না হলে অভিযুক্তেরা জামিনও পেয়ে যেতে পারেন বলে মন্তব্য করেন বিচারপতি সিংহ। এর প্রেক্ষিতে ইডির আইনজীবী আদালতে জানান, প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় সম্প্রতি জামিন পাওয়া মানিক ভট্টাচার্যকে জিজ্ঞাসাবাদ করা জরুরি তদন্তের স্বার্থে। কিন্তু তদন্তকারীরা তা করতে পারছেন না। কারণ, বাধা হয়ে দাঁড়াচ্ছে সুপ্রিম কোর্টের রক্ষাকবচ। তার জন্যই মানিককে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা যাচ্ছে না।

শ্রী জ্যোতিরাদিত্য মাধবরাও সিন্ধিয়া

# উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের দায়িত্বভার গ্রহণ করেছেন



**নয়াদিল্লি, ১২ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** শ্রী জ্যোতিরাদিত্য মাধবরাও সিন্ধিয়া আজ উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের দায়িত্বভার গ্রহণ করেছেন। তাঁকে মন্ত্রকের ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার সহ উচ্চ পদস্থ আধিকারিকরা স্বাগত জানান। দায়িত্বভার গ্রহণ করে শ্রী সিন্ধিয়া মন্ত্রকের বিভিন্ন প্রকল্পগুলির পর্যালোচনা করেন। সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের সময় শ্রী সিন্ধিয়া বলেন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলকে সর্বদাই অগ্রাধিকার দিয়ে থাকেন। তাঁর স্বপ্ন পূরণের জন্য মন্ত্রকের সকলে অঙ্গীকারবদ্ধ। উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নকে ত্বরান্বিত করে আধুনিক ব্যবস্থাপনা গড়ে তোলার উপর তিনি গুরুত্ব দেন।

১ পাতার পর

# রাজনীতি থেকে কিছুদিনের জন্য ছুটি নিচ্ছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়

গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে তৃণমূলের।সমাজমাধ্যেমে এই বিরতির কারণও জানিয়েছেন তিনি। চিকিৎসার কারণে কয়েক দিনের জন্য রাজনীতি থেকে ছুটি নেবেন অভিষেক।তবে এই বিরতিতে তিনি কী করবেন তা-ও জানিয়েছেন। অভিষেক জানান, ছুটিতে সাধারণ মানুষের চাহিদার কথা ভাল ভাবে বোঝার চেষ্টা করবেন তিনি।

বুধবার এক্স হ্যান্ডেলে লোকসভা নির্বাচনে সাফল্যের কথা উল্লেখ করেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। সেই সঙ্গে তিনি লেখেন, "চিকিৎসার কারণে আমি ছোট বিরতি নেব। এই সময়টায় সাধারণ মানুষের চাহিদার কথা বোঝার একটা দারুণ সুযোগ আমার কাছে রয়েছে। আমি বিশ্বাস করি, মানুষ যাতে ন্যায়বিচার পায় তার জন্য সর্বোতভাবে চেষ্টা করবে রাজ্য সরকার।"

অন্ধ্রপ্রদেশের নতুন সরকারের

# শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দিলেন প্রধানমন্ত্রী



**নতুন দিল্লি ১২ জুন ২০২৪ : নিউজ সারাদিন :** অন্ধ্রপ্রদেশের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় শ্রী এন চন্দ্রবাবু নায়ডুকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী।

এক্স বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন;

'অন্ধ্রপ্রদেশের নতুন সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দিয়েছি। মুখ্যমন্ত্রী শ্রী এন চন্দ্রবাবু নায়ডু এবং সরকারের নতুন মন্ত্রী হিসেবে যাঁরা শপথ নিয়েছেন, তাঁদের সবাইকে অভিনন্দন। অন্ধ্রপ্রদেশকে গৌরবের নতুন উচ্চতায় নিয়ে যেতে এবং রাজ্যের যুব সম্প্রদায়ের আশা-আকাঙ্খা পূরণে টিডিপি, জনসেনা ও বিজেপি সরকার সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ।'

রাশিয়া - ইউক্রেন যুদ্ধে

# মৃত্যু দুই ভারতীয়, কড়া বার্তা মস্কোকে

**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** রাশিয়া এবং ইউক্রেনের মধ্যে চলমান যুদ্ধে সম্প্রতি মৃত্যু হয়েছে দুই ভারতীয় নাগরিকের। এই দুজনকে সেনাবাহিনীতে নিয়োগ করেছিল রাশিয়া। বিষয়টি নিয়ে এবার রাশিয়ার প্রতি কড়া মনোভাব দেখালো ভারত। কোনও ভাবেই যাতে ভারতীয়দের সেদেশের সেনাবাহিনীতে নিয়োগ না করা হয় সে বিষয়ে রাশিয়ার ওপর চাপ সৃষ্টি করছে ভারত। পাশাপাশি রাশিয়ার সেনাবাহিনীতে যে সমস্ত ভারতীয়রা যুক্ত রয়েছে তাদের অবিলম্বে দেশে ফিরিয়ে দিতে বলা হয়েছে এবং সাথে সাথে নিহত দুই ভারতীয় নাগরিকের মৃতদেহ হস্তান্তর করতে বলেছে ভারত। ভারতীয় বিদেশমন্ত্রকের পক্ষ থেকে এক বিবৃতিতে, রাশিয়াকে সেনাবাহিনীতে ভারতীয়দের নিয়োগ বন্ধ করার বার্তা দেওয়া হয়েছে, কারণ ভারতের সঙ্গে রাশিয়ার যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে তার সঙ্গে এটি সামঞ্জস্যপূর্ণ নয়। রাশিয়ায় অবস্থিত ভারতীয় নাগরিকদেরও এবিষয়ে সতর্ক করেছে ভারত সরকার। রাশিয়ায় যে সমস্ত ভারতীয়কে সেনাবাহিনীতে ভর্তি করা হয়েছিল তাদের দুবাই ভিত্তিক একটি সংস্থার মাধ্যমে নিয়োগ করা হয়েছিল এবং ইউটিউবের মাধ্যমে তাদের প্রলোভন দেখানো হয়েছিল বলে জানা গেছে। ভারতের বিদেশ মন্ত্রক জানিয়েছে, 'রাশিয়ার সেনাবাহিনীতে নিয়োগ হওয়া ভারতীয় নাগরিকদের মৃত্যুতে আমরা দুঃখ প্রকাশ করছি। আমরা মৃতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাই।

১ পাতার পর

# কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে টাকা দেওয়া শুরু করে দিল রাজ্য সরকার

মোদী সরকারকে নিশানা করতেও ছাড়েননি। আবার একাধিক জায়গায় কৃষকদের পাশে দাঁড়াতে প্রতিনিধি দলও পাঠিয়েছেন। রাজ্য সরকারের কৃষকবন্ধু প্রকল্প নিয়েও তাই গর্বিত মুখ্যমন্ত্রী।বাংলার কৃষকদের সাহায্য করতেই কৃষকবন্ধু প্রকল্প চালু করেছিল রাজ্য সরকার। পরবর্তী ক্ষেত্রে তাতে কিছু বদলও আনা হয়।

বর্তমানে এক একর বা তাঁর বেশি জমিতে উৎপন্ন ফসলের ভিত্তিতে বছরে দুই কিস্তিতে সর্বাধিক ১০ হাজার টাকা দেয় সরকার। জমি এক একরের কম হলে দুই কিস্তিতে সর্বাধিক ৪ হাজার টাকা পান চাষিরা। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ২৯০০ কোটি টাকার সহায়তার ঘোষণা করার পাশপাশি এও জানিয়েছেন, 'বাংলা শস্য বীমা'র আওতায় সারা রাজ্যের ২ লক্ষ ১০ হাজার কৃষককেও সরাসরি তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ২৯৩ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদানও শুরু হয়েছে বুধবার থেকে।

২০১৯ সালে চালু হয়েছিল এই 'বাংলা শস্য বিমা' প্রকল্প। ফসল নষ্ট হয়ে গেলেও কৃষকরা যাতে সরকারি সহায়তা পান তার জন্য এই ব্যবস্থা। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ২০১৯ সালে এই প্রকল্প চালু হওয়ার পর থেকে ১ কোটি ক্ষতিগ্রস্ত কৃষককে মোট ৩ হাজার ১৩৩ কোটি টাকা সহায়তা প্রদান করা হয়েছে।

কৃষকবন্ধু প্রকল্পে কৃষকদের কতটা উপকার হয়েছে তার একটা ছোট খতিয়ানও দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বলেন, "রাজ্যজুড়ে কৃষক ও বর্গাদারদের প্রতিবছর খরিফ ও রবি মরসুমে চাষের সুবিধার জন্য সহায়তা দেওয়া হয়। ২০১৯ সালে চালু হওয়ার পর থেকে এই প্রকল্পে মোট ১৮ হাজার ২৩৪ কোটি টাকা আমরা আমাদের কৃষকদের কাছে পৌঁছে দিয়েছি।"

অর্থ ও কর্পোরেট বিষয়ক দফতরের কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে

# দায়িত্বভার গ্রহণ করলেন শ্রীমতী নির্মলা সীতারামন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শ্রীমতী নির্মলা সীতারামন আজ নতুন দিল্লিতে অর্থ ও কর্পোরেট বিষয়ক দফতরের কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। নর্থ ব্লকের দফতরে তাঁকে স্বাগত জানান কেন্দ্রীয় অর্থসচিব ডঃ টি ভি সোমানাথন ও মন্ত্রকের অন্য সচিবরা। কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী হিসেবে আবারও তাঁকে দেশের সাধারণ মানুষের সেবা করার সুযোগ দেওয়ার শ্রীমতী সীতারামন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি তাঁর কৃতজ্ঞতা প্রকাশ করেন। অর্থমন্ত্রী বলেন, গত ১০ বছরে শক্তিশালী নেতৃত্ব এবং উন্নয়নমুখী শাসন বিভিন্ন ক্ষেত্রে রূপান্তরমূলক পরিবর্তন এনেছে। এরফলে, এক মজবুত ও প্রাণবন্ত অর্থনীতি গড়ে উঠেছে।

দায়িত্ব গ্রহণের পর শ্রীমতী সীতারামনকে অর্থ ও

এরপর ৪ পাতায়

২ পাতার পর

# অর্জুন রাম মেঘওয়াল কে অভিনন্দন বিজেএমসির

দেখা করেছেন। এ সময় তিনি মেঘওয়ালকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেএমসি জাতীয় সভাপতি মিঠু চ্যাটার্জি, জাতীয় বিজেএমসি ওজিএস নাসির আনসারি, গুজরাট রাজ্য বিজেএমসি সভাপতি বিরাজ পাতিল সহ বিভিন্ন নেতারা। অর্জুন রাম মেঘওয়াল শ্রমিকদের কল্যাণে বিজেএমসিকে সম্ভাব্য সব ধরনের সাহায্যের আশ্বাস দিয়েছেন।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৬০ সংখ্যা ১৩ জুন, ২০২৪ বৃহস্পতিবার ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১

৩ পাতার পর

**অর্থ ও কর্পোরেট বিষয়ক দফতরের কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন শ্রীমতী নির্মলা সীতারামন**

কর্পোরেট বিষয়ক মন্ত্রকের বিভিন্ন দফতরের সচিবরা নীতি সংক্রান্ত বিষয়গুলি সম্পর্কে অবহিত করেন। শ্রীমতী সীতারামন বলেন, নাগরিকদের 'সহজ জীবনযাপন' সুনিশ্চিত করতে সরকার সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই লক্ষ্যে আরও পদক্ষেপ নেওয়া হবে। তিনি বলেন, ২০১৪ সাল থেকে যেসব সংস্কারমূলক পদক্ষেপ নেওয়া হয়েছে, তা অব্যাহত থাকবে। এগুলি সমষ্টিগত অর্থনৈতিক সুস্থিতি বজায় রাখার পাশাপাশি দেশের অর্থনৈতিক বিকাশ ত্বরান্বিত করবে। বিশ্বজুড়ে বিভিন্ন চ্যালেঞ্জের মধ্যেও সাম্প্রতিক বছরগুলিতে ভারত যে প্রশংসনীয় অর্থনৈতিক অগ্রগতি অর্জন করেছে, তার উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, আগামী বছরগুলিতেও ভারতীয় অর্থনীতিকে ঘিরে অনেক আশা রয়েছে। এনডিএ সরকারের উন্নয়নমুখী কর্মসূচিকে জোরালোভাবে এগিয়ে নিয়ে যেতে এবং প্রধানমন্ত্রীর 'বিকশিত ভারত'-এর লক্ষ্য অর্জনের উপযোগী নীতি প্রণয়ন করতে অর্থমন্ত্রী দফতরগুলির প্রতি আহ্বান জানান। অর্থমন্ত্রী বলেন, সরকার 'সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াস'-এ বিশ্বাস করে। এক শক্তিশালী ও প্রাণবন্ত অর্থনীতি সুনিশ্চিত করতে তিনি শিল্পপতি, নিয়ন্ত্রক এবং নাগরিক সহ সংশ্লিষ্ট সব পক্ষের সহযোগিতা প্রার্থনা করেন।

## সম্পাদকীয়

### ২০২৪-এর সাধারণ নির্বাচনে ভারতীয় বিমানবাহিনীর ভূমিকা

ভারতীয় বিমানবাহিনী যুদ্ধ ও শান্তি - উভয় সময়ই পরিবহণ সংক্রান্ত নানা কাজে যুক্ত থাকে। শান্তির সময়কালে বিমানবাহিনীর সদস্যরা বিমানগুলির রক্ষণা-বেক্ষণ করা ছাড়াও দেশীয় ও আন্তর্জাতিক স্তরে বিভিন্ন মহড়ায় যোগদান করেন। ভারতীয় বিমানবাহিনী নাগরিকদের সুবিধার্থে বিভিন্ন সময়ে অগ্রণী ভূমিকা পালন করে। ২০২৪ সালের সাধারণ নির্বাচন চলাকালীন বিমানবাহিনীর মাঝারি ওজনের হেলিকপ্টার - এমআই১৭ প্রকারের , লঘু ওজনের হেলিকপ্টার - চেতক এবং দেশীয় প্রযুক্তিতে নির্মিত উন্নত মানের লঘু ওজনের হেলিকপ্টার ধ্রুব'কে নানা কাজে ব্যবহার করা হয়েছে। পূর্ববর্তী সাধারণ নির্বাচনগুলির মতো এবারেও ভারতের নির্বাচন কমিশন বিমানবাহিনীর হেলিকপ্টারগুলির সাহায্যে বৈদ্যুতিন ভোট গ্রহণ যন্ত্র বিভিন্ন স্থানে পাঠিয়েছে। নিরাপত্তাজনিত কারণে যেসব প্রত্যন্ত অঞ্চলে সড়কপথে যাতায়াত ঝুঁকিপূর্ণ, সেখানে ভারতীয় বিমানবাহিনী পরিবহণের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়েছে। নির্বাচনের দু'দিন আগে প্রত্যন্ত অঞ্চলগুলিতে নির্বাচনী আধিকারিকদের বিমানবাহিনীর সহায়তায় পাঠানো হয়েছে। নির্বাচনের পর তাঁরা বাহিনীর হেলিকপ্টারে ফিরে এসেছেন। ২০২৪ সালের সাধারণ নির্বাচনের ৭টি পর্যায়ের মধ্যে ৫টি পর্বে ভারতীয় বিমানবাহিনীর ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। বিমানবাহিনীর হেলিকপ্টারগুলিকে ১ হাজার ঘন্টায় ১ হাজার ৭৫০বার কাজে লাগানো হয়েছে। নিরাপত্তা, জলবায়ু, সড়ক পরিবহণ সহ বিভিন্ন বিষয়গুলি নিয়ে বিবেচনা করে ভারতীয় নির্বাচন কমিশন বিভিন্ন রাজ্যের নির্বাচনী আধিকারিকদের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে বিমানবাহিনীর হেলিকপ্টারগুলিকে কাজে লাগিয়েছে। সুষ্ঠভাবে সাধারণ নির্বাচন সম্পন্ন করার ক্ষেত্রে সেনাবাহিনী ও বিএসএফ -এর হেলিকপ্টারগুলির ভূমিকাও ছিল গুরুত্বপূর্ণ।

## অতিপ্রাচীন লোকাচারের সঙ্গে নাকি এর যোগসূত্র আছে জামাইষষ্ঠী



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)






বাঙালির বারো মাসে তেরো পার্বণ" প্রবাদ বাক্যটি ব্যবহার বাহুল্যে পুরোনো হয়ে গেলেও তাৎপর্য হারায়নি। তাই উৎসব প্রিয় বাঙালির বারো মাস জুড়েই থাকে অজস্র পূজা পার্বণ ,আমোদ প্রমোদ । যার মধ্যে কিছু উৎসব সার্ব্বজনীন যেমন দুর্গাপূজা ,কালীপূজা। এছাড়াও কিছু উৎসব ব্যক্তিগত ভাবেও উদযাপিত হয় , যেমন ভাইফোঁটা,জামাই ষষ্ঠী ইত্যাদি । এদের মধ্যে সবচেয়ে লোভনীয় বা জিভে জল আনা( বেকার অভাগা অবিবাহিতদের বাদ দিয়ে) এ কথাগুলো লিখতে বসে ছোটবেলার নিজের কিছু উপলব্ধির কথা বেরিয়ে আসছে।শুধু একটাই কথা মনে হতো এতটা অস্বস্তিকর গরমের মধ্যে সবাই শ্বশুর বাড়ির উদ্দেশ্যে বউকে নিয়ে গমন করছে, আসল রহস্যটা কি? ছোটবেলায় সেটি বোঝার কোনো উপায় ছিল না। তবে একটা শব্দ আমাকে বারবার মনে করিয়ে দিত জামাইষষ্ঠী মানে কি মানুষকে পূজা করছে বা জামাই কে পূজা করছে। এ প্রশ্নের উত্তর খোঁজার ইচ্ছা থাকলেও সময় বা সঠিক তথ্য সেসময় পাওয়া সম্ভব হয়ে ওঠেনি ।জামাইষষ্ঠী বিষয় নিয়ে বহু লেখক তাঁর লেখাতে উল্লেখযোগ্য কিছু কথা লিখে গেছে সেটি আজ আমি আবার পুনরায় আমার ভাষাতে উল্লেখ করব।তবে হিন্দুর আচার-অনুষ্ঠান' বইটিতে প্রখ্যাত লেখক চিন্তাহরণ চক্রবর্তী লিখেছেন, কোনও ধর্মানুষ্ঠানের সঙ্গে এর প্রত্যক্ষ বা ঘনিষ্ঠ সম্বন্ধ নেই। একটি অতিপ্রাচীন লোকাচারের সঙ্গে নাকি এর যোগসূত্র আছে। লোকাচার বললেই অরণ্যষষ্ঠীর নামই আসে প্রথমে। অন্যান্য পাঁচটা ব্রতের মতই মেয়েরা এটি পালন করত। পূর্ববঙ্গে এর চল বেশি ছিল। সেখানে প্রায় প্রত্যেক সন্তানবতী রমণী এই ব্রত পালন করত। এই ব্রতে সন্তান-সন্ততির জন্যে মা-ষষ্ঠীর আরাধনা করা হয়। সেই থেকেই অনেক সুস্থ জীবনে দেখেছি জামাইষষ্ঠীর কথা বাঙালি সন্তানদের কাছে একটা কদর ও শ্বশুরবাড়ির আল্লাদ আবদার ভালোবাসার প্রতিক্ষণ এর একটি চিহ্ন।শুক্লা ষষ্ঠী জামাই ষষ্ঠী মানেই চব্য চোষ্য লেহ্য পেয়'র যে মেলবন্ধন তাতে গরম মশলার মত লেগে থাকে জামাই বাবাজীবনের দীর্ঘায়ু কামনা, জামাই আদর, ষষ্ঠী পূজো। জ্যৈষ্ঠ মাসের অমাবস্যার পরে যে ষষ্ঠী আসে সেই দিনটি হল শুক্লা ষষ্ঠী বা জামাই ষষ্ঠী। এই জামাইষষ্ঠীর আরেক নাম অরণ্য ষষ্ঠী। সন্তানদের মঙ্গলার্থে মায়েরা এই ব্রত পালন করেন। জেনে নেওয়া যাক এই ব্রতের পেছনে পৌরাণিক এবং সামাজিক কাহিনীগুলো। সংস্কার যাই হোক না কেন, মেয়ে জামাইকে ডেকে এনে সমাদর করা ও সেইসঙ্গে কন্যা যাতে সন্তানবতী হয় সেই লক্ষ্যেমা ষষ্ঠীকে জুড়ে দিয়ে উৎসবের নামকরণ হল জামাই ষষ্ঠী। সেই কারণেই জামাইষষ্ঠীর দিনে বাঙালির সুজলাসুফলা গৃহে জামাইদের যে আদরযত্ন হবে এতে আশ্চর্যের কিছু নেই। নাদাপেটা জামাইদের নান্দনিক ভুবনে আগেকার দিনে শ্বশুরমশাইরা দরাজ হাতে খরচা করতেন। তখন তো আবার একটি দুটি নয়, পাঁচছটি জামাইকে সামলাতে হত শাশুড়িমায়েদের। ছোটটি যদি অভিমানী হয়, মেজটি তবে নির্ঘাত গোঁয়ার। সব দিক সামলানো কী চাট্টিখানি কথা! শ্যালিকারা হাতপাখা নিয়ে আর কপট ভ্রূভঙ্গি দিয়ে ভাগ্যিস ম্যানেজ করত বাবাজীবনদের ! না হলে কী যে অনাসৃষ্টি কাণ্ড হত কে জানে। আংশিক ইতিহাস আজ আমি আমার কোলে তুলে ধরছি।জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষের ষষ্ঠীতে প্রতি ঘরে ঘরে যেন উৎসবের আমেজ। প্রাক বর্ষার ভ্যাপসা গরমকে তুচ্ছ করে লোডশেডিংয়ের চোখরাঙানিকে থোড়াই কেয়ার করে জামাইরা বউকে নিয়ে শ্বশুরবাড়ি যাবেই। এখানে হরিপদ কেরাণি থেকে এম এন সির সি ই ও, কেউ বাদ যান না। মাগ্গিগণ্ডার বাজারেও শ্বশুর- শাশুড়ির তরফে যে আপ্যায়নের ত্রুটি থাকবে না, তা বলাই বাহুল্য। শ্যালক-শ্যালিকারা তো জামাইবাবু তথা জিজাজিদের কোনও রকম অযত্ন হতে দেবে না।কিন্তু এই জামাইষষ্ঠী অনুষ্ঠানটি ঠিক কতটা প্রাচীন, সে নিয়ে সংশয় আছেই। বাংলা তথা ভারতবর্ষের কত ভাবে প্রচলিত আছে জামাইষষ্ঠীর নানান আচার বিধি ।সবকিছু মিলিয়ে মধ্যযুগ থেকেই সূচনা নাকি জামাই ষষ্ঠীর ইতিহাস।আর সেই ইতিহাস আজ আমদের অনেকেই জানা, অনেক র অজানা। পঞ্জিকা অনুযায়ী জৈষ্ঠ মাসের শুক্লা ষষ্ঠীর দিন স্বাধীনতা পূর্ববর্তী অবিভক্ত বাংলা ও বর্তমানে মূলত পশ্চিমবঙ্গের হিন্দুদের মধ্যে এই রীতি পালন প্রচলিত । এই দিনটিতে শাশুড়িগণ জামাইদের ফল মিষ্টি ,পঞ্চব্যাঞ্জন ,নতুন পোশাক ইত্যাদি সহযোগে আশীর্বাদ করে থাকেন । কবে থেকে বা কিভাবে এই পার্বণ চালু হলো তার বিস্তারিত ইতিহাস জানা না গেলেও মধ্যযুগীয় সামাজিক ও ধর্মীয় বিশ্বাস থেকেই জামাই ষষ্ঠীর উৎপত্তি হিসেবে ধরা হয় । কিন্তু প্রশ্ন হচ্ছে 'জামাই ষষ্ঠী' নামকরণের কারণ কি । প্রচলিত বিশ্বাস অনুযায়ী 'মা ষষ্ঠী 'র কাজ হলো সদ্যজাত সন্তান ও প্রসূতিদের রক্ষা করা । আর সেই সময়কার রীতি অনুযায়ী মেয়ে যতদিন না সন্তান সম্ভবা হয় ততদিন বাবা মা মেয়ের বাড়ি যেতে পারবেন না । কিন্তু কতদিন আর মেয়েকে না দেখে থাকা যায়। তাই সমাজের মুরুব্বিরা স্থির করলেন জামাই ষষ্ঠী পালনের মধ্যে দিয়ে মেয়ে জামাই এর সঙ্গে দেখা সাক্ষাৎ হবে আর মেয়ের শীঘ্র সন্তান লাভের আশায় মা ষষ্ঠীর আরাধনাও করা হবে । ষষ্ঠী পালন সাধারণত করে থাকেন মেয়েরা। তাঁদের কাছে এর তাৎপর্য অন্যরকম। কথিত আছে - এক পরিবারে দুটি বউ ছিল। ছোট বউ ছিল খুব লোভী। বাড়ির মাছ বা অন্যান্য

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

রণে বনে জলে জঙ্গলে যেখানে বিপদে পড়িবে আমাকে স্মরণ করিবে আমি তোমাকে রক্ষা করিব।জয় বাবা লোকনাথ এই মন্ত্র জীবনের পথকে আরও সুদৃঢ় করে জীবনকে এক উন্নত ও আলোর পথের ঠিকানা দেয়। প্রতিটি কাজ করার আগে বাবা লোকনাথের নাম স্মরণ করলে সেই কাজ ভাল হয়ে থাকে । বারদীর ব্রহ্মচারী বাবা লোকনাথ একই অঙ্গে অনোন্য রূপ তিনি স্বয়ং ভগাবান মহেশ্বরের অবতার।

ক্রমশঃ

**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## দশম আন্তর্জাতিক যোগ দিবসের প্রাক্কালে

### সংসদ বিষয়ক মন্ত্রকের যোগ কর্মশালার আয়োজন

**নয়াদিল্লি, ১২ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** নতুন দিল্লির সংসদ ভবনের লাইব্রেরী বিল্ডিং-এ সংসদ বিষয়ক মন্ত্রক ১০ জুন যোগ কর্মশালার আয়োজন করে। এই কর্মশালায় যোগগুরু ডঃ সুরক্ষিত গোস্বামী উপস্থিত ছিলেন। কর্মশালার উদ্বোধন করেন সংসদ বিষয়ক মন্ত্রকের সচিব শ্রী উমঙ্গ নারুলা। এই কর্মশালায় মন্ত্রকের অতিরিক্ত সচিব ডঃ সত্যপ্রকাশ আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনের গুরুত্বের কথা তুলে ধরেন। আমাদের দৈনন্দিন জীবনে যোগের গুরুত্ব নিয়ে আলোচনা করেন ডঃ সুরক্ষিত গোস্বামী। তিনি কর্মশালায় উপস্থিত সকলের কাছে দৈনন্দিন ও পেশাদার জীবনে দক্ষতা বৃদ্ধিতে যোগ ও প্রাণায়মের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। কর্মশালায় উপস্থিত আধিকারিক ও কর্মীদের মধ্যে যোগাভ্যাস সম্পর্কে যথেষ্ট উৎসাহ নজরে এসেছে। এখানে যোগের বিভিন্ন মুদ্রা প্রদর্শিত হয়েছে।

# সিনেমার খবর

## প্রেমিকার সঙ্গে লিভ-টুগেদারের সিদ্ধান্ত নিয়েছেন ইমরান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা ইমরান খান ব্যক্তিগত জীবনে অবন্তিকা মালিকের সঙ্গে ঘর বেঁধেছিলেন। কিছুদিন আগে এ সংসার ভাঙার ঘোষণা দেন। পাশাপাশি অভিনেত্রী ও ফ্যাশন ডিজাইনার লেখা ওয়াশিংটনের সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ানোর ঘোষণাও দেন। এবার ইমরান জানালেন, প্রেমিকার সঙ্গে লিভ-টুগেদারের সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

সম্প্রতি কমেডিয়ান রওনক রজনীকে সাক্ষাৎকার দিয়েছেন ইমরান খান। এ আলাপচারিতায় তিনি বলেন, 'আমি গত পাঁচ বছর একা ছিলাম। আমার বর্তমান সম্পর্কের অবস্থা হলো- আমি কাউকে দেখতে পাচ্ছি। এখন আমি নতুন অ্যাপার্টমেন্টে উঠার প্রস্তুতি নিচ্ছি।' আপনারা কি লিভ-টুগেদারের পরিকল্পনা করেছেন? এ প্রশ্নের জবাবে ইমরান খান বলেন, 'আমরা (ইমরান-লেখা) একসঙ্গে নতুন অ্যাপার্টমেন্টে যাওয়ার প্রক্রিয়ার মধ্যে আছি।'

ভারতীয় রিয়েল এস্টেট ডাটাবেস প্ল্যাটফর্ম জ্যাপকির বরাত দিয়ে টাইমস অব ইন্ডিয়া জানিয়েছে, বলিউডের গুণী নির্মাতা-প্রযোজক করন জোহরের মুম্বাইয়ের বান্দ্রার বাড়িতে ফ্ল্যাট ভাড়া নিয়েছেন ইমরান খান। গত ২০ মার্চ বাড়ি ভাড়ার চুক্তিসই হয়। আগামী ৩ বছরের জন্য চুক্তিতে বাড়িটি ভাড়া নিয়েছেন। প্রতি মাসে এ ফ্ল্যাটের জন্য ৯ লাখ রুপি (বাংলাদেশি মুদ্রায় ১১ লাখ ৮৪ হাজার টাকা) ভাড়া গুণতে হবে ইমরানকে। আগে পালি হিলের নিজের বাসায় থাকতেন ইমরান। এখন ভাড়া বাসায় প্রেমিকা লেখাকে নিয়ে বসবাস করবেন এই অভিনেতা।

ইমরান-অবন্তিকার বিবাহবিচ্ছেদ নিয়ে দীর্ঘদিন জোর চর্চা হয়েছে। কিন্তু কখনো এ বিষয়ে মুখ খুলেননি এই দম্পতি। কিছুদিন আগে ভোগ ম্যাগাজিনকে দেওয়া সাক্ষাৎকারে বিবাহবিচ্ছেদ ও লেখার সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ানোর কথা স্বীকার করেন ইমরান খান।

এর আগে লেখা ওয়াশিংটন সাংবাদিক পাবলো চ্যাটার্জিকে বিয়ে করেছিলেন। কিন্তু এ সংসার ভেঙে গেছে লেখার। অন্যদিকে, দীর্ঘ আট বছর প্রেম করার পর ২০১১ সালের ১০ জানুয়ারি অবন্তিকাকে বিয়ে করেন ইমরান। ২০১৪ সালে তাদের মেয়ে ইমারার জন্ম হয়। ২০০৮ সালে 'জানে তু ইয়া জানে না' সিনেমার মাধ্যমে তার বলিউডে অভিষেক হয় ইমরান খানের। এরপর বক্স অফিসে সফল একাধিক সিনেমা দর্শকদের উপহার দিয়েছেন তিনি।

## বিজেপির থেকে যে সুবিধা পেলেন শাহরুখ!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আরিয়ান খান মাদককাণ্ডের সময় বিজেপি সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ এনেছিলেন শাহরুখ খানের অনুরাগীরা। এদিকে জওয়ান ছবিতে খলনায়কের চরিত্রে অভিনয় করে সাধারণ মানুষদের মধ্যে ভারতীয় রাজনৈতিক মহলের দুর্নীতি তুলে ধরেছিলেন কিং খান।

এরপর কংগ্রেস-বিজেপি একে অপরের দিকে দুর্নীতির অভিযোগের আঙুল তুলেছিল। এবার লোকসভা নির্বাচন শেষ হতে না হতেই বিজেপি শাসিত ভারতীয় স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের তরফ থেকে বিশেষ ছাড়পত্র পেয়েছেন শাহরুখ খান।

বৃহস্পতিবার (৬ মে) স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের তরফ থেকে জানানো হয় যে, শাহরুখ খানের এনজিও মীর ফাউন্ডেশনকে ফরেন কন্ট্রিবিউশন রেগুলেশন অ্যাক্ট লাইসেন্স বা এফসিআরএর লাইসেন্স দেয়া হয়। এই লাইসেন্সের সাহায্যে এবার শাহরুখের এই সংস্থা বিদেশ থেকেও অনুদান পেতে পারবে।

মীর ফাউন্ডেশন ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়। শাহরুখ খান এই এনজিওটির প্রতিষ্ঠা করেছেন। এই সংস্থার মূল উদ্দেশ্য ছিল- যে মহিলারা অ্যাসিড অ্যাটাকের শিকার তাদের নিয়ে কাজ করা। এটি সেকশন ২৫ এ কোম্পানি নন প্রফিট হিসেবে নথিভুক্ত করা হয়েছে কোম্পানি অ্যাক্টের আন্ডারে এবং ১২ এ (এ) সেকশন এবং ৮০ জি ইনকাম ট্যাক্স অ্যাক্টের আন্ডারে সমাজসেবা মূলক সংস্থা হিসেবে নথিভুক্ত করা আছে।

এর আগে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের তরফ থেকে অলিম্পিকে মেডেল প্রাপ্তি এবং রাজ্য সভার সদস্য এমসি মেরি কমের এনজিও মেরি কম রিজিওনাল বক্সিং ফাউন্ডেশনকেও (এফসিআরএ)- এই লাইসেন্স দিয়েছিল। এই বছর এখনো পর্যন্ত কেন্দ্রীয় সরকারের তরফে ১৭৫টি সংস্থাকে এই লাইসেন্স দেয়া হয়েছে।

উল্লেখ্য, ২০২০ সালের পর থেকে কেন্দ্রীয় সরকার আরো অনেক বেশি কড়াকড়ি করেছে এই লাইসেন্স দেয়ার বিষয় নিয়ে। এমনকি গত কয়েক বছরে নিয়ম ভাঙার কারণ দেখিয়ে একাধিক এনজিও যেমন রাজীব গান্ধী চ্যারিটেবল ট্রাস্ট, সেন্টার ফর পলিসি রিসার্চ, রাজীব গান্ধী ফাউন্ডেশনের লাইসেন্স বাতিল করা হয়েছে। এফসিআরএ অ্যাক্ট ২০২০ সালের সেপ্টেম্বরে বদল করা হয়েছে এবং প্রতিটি সংস্থার ক্ষেত্রে আধার কার্ডকে বাধ্যতামূলক করা হয়েছে।

## বদল হতে চলেছে 'প্রেম' চরিত্রের মালিকানা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** হিন্দি সিনেমার 'প্রেম' নামের চরিত্রটি কয়েক দশক ধরে নিজের দখলে রেখেছিলেন ভাইজান সালমান খান। এবার এই চরিত্রের মালিকানা বদল হতে চলেছে। আগামীতে নির্মাতা সুরুজ বরজাতিয়ার সিনেমায় 'প্রেম' হয়ে আসবেন অভিনেতা কার্তিক আরিয়ান।

১৯৯৮ সালে বরজাতিয়ার 'ম্যায়নে পেয়ার কিয়া' সিনেমায় প্রথমবার 'প্রেম' হয়ে বড়পর্দায় হাজির হয়েছিলেন সালমান। এরপর একই পরিচালকের 'হাম আপ কে হ্যা কন', ;হাম সাথ সাথ হ্যা', 'প্রেম রতন ধন পায়ো' সিনেমায় 'প্রেম' চরিত্রে দেখা গেছে সালমানকেই।



গত বছর ভারতীয় সংবাদমাধ্যমে খবর আসে বরজাতিয়ার 'প্রেম কি শাদি' নামের নতুন সিনেমায় সালমান ফের আসছেন তার আইকনিক চরিত্র হয়ে। এখন শোনা যাচ্ছে, সালমান নাকি রোমান্টিক চরিত্রে কাজ করতে আগ্রহী নন। নতুন সিনেমা নিয়ে বরজাতিয়ার সঙ্গে কথাবার্তাও সেরে নিয়েছেন আরিয়ান। তবে আরিয়ান বা বরজাতিয়া তাদের কাজ নিয়ে প্রকাশ্যে কোনো কথা বলেননি।

আরিয়ানের বর্তমান ব্যস্ততা এখন 'ভুল ভুলাইয়া ৩' সিনেমার শুটিং নিয়ে। দীপাবলীতে মুক্তির পরিকল্পনা নিয়ে এই সিনেমা টিম কাজ করছে। আগামীতে তাকে 'চান্দু চ্যাম্পিয়ন' সিনেমায় দেখি যাবে। কবীর খান পরিচালিত এই স্পোর্টস ড্রামায় প্যারা অলিম্পিকের গোল্ড মেডেল প্রাপ্ত মুরলিকান্ত পেটকরকে তুলে আনা হয়েছে। আগামী ১৪ জুন মুক্তি পাবে 'চান্দু চ্যাম্পিয়ন'।

## সেটে ঐশ্বরিয়াকে স্পর্শ বানসালির, যা করেছিলেন সালমান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউড ভাইজান সালমান খান ও ঐশ্বরিয়া রাইয়ের প্রেম বলিউডে আইকনিক লাভস্টোরির মধ্যে অন্যতম! সে প্রেম ঘিরে নানা কাণ্ড দেখা যেত বলিউডে। এমনই এক কাণ্ড একবার ঘটেছিল 'হাম দিল দে চুকে সনম' সিনেমার সেটে।

পরিচালক সঞ্জয় লীলা বানসালির ওপরই রেগে আগুন হয়ে যান সালমান। কারণ একটাই, সঞ্জয় নাকি স্পর্শ করেছেন ঐশ্বরিয়াকে। এ নিয়ে পুরো ঘটনার বিবরণ দিয়েছেন অভিনেত্রী স্মিতা জয়কার। ছবিতে যিনি ঐশ্বরিয়ার মায়ের ভূমিকায় অভিনয় করেন।

স্মিতার বলেন, সেসময় তাদের প্রেম মাত্র শুরু হয়েছে। মনে আছে 'আঁখো কি গুস্তাকিয়া' গানটির শুটিং হচ্ছিল। সেখানে একটি দৃশ্য বোঝাতে গিয়ে সঞ্জয় ঐশ্বরিয়াকে স্পর্শ করেন। তা দেখে নিজেকে ধরে রাখতে পারেননি সালমান, ছুটে যান সেখানে। সোজা সঞ্জয়ের মুখের ওপরই প্রশ্ন করে বসেন, 'সঞ্জয় স্যার! এসব কী হচ্ছে? কেন তাকে স্পর্শ করছেন আপনি! এসব করা উচিত নয়।'

এই আকস্মিকতায় হকচকিয়ে যান বানসালি। এরকম করে তাকে কেউ কোনোদিনো বলেননি। ইন্ডাস্ট্রিতে 'বদমেজাজি' বলে দুর্নাম রয়েছে বানসালির। নতুন নতুন প্রেম, তাই পাল্টা প্রতিক্রিয়া দিতে দেখা যায়নি তাকে। গোটা সেটে হয়েছিল হইচই। যদিও ঐশ্বরিয়া ও সালমানের এই প্রেম শেষ পর্যন্ত পরিণতি পায়নি।

## কঙ্গনাকে থাপ্পড় মারা সেই নারী জওয়ানের জন্য পুরস্কার ঘোষণা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের চণ্ডীগড় বিমানবন্দরে অভিনেত্রী কঙ্গনা রানাউতকে থাপ্পড় মারা দেশটির কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর (সিআইএসএফ)ওই নারী সদস্যের জন্য এক লাখ রুপি পুরস্কার ঘোষণা করেছেন পাঞ্জাবের এক ব্যবসায়ী। তার নাম শিবরাজ সিং বেইনস। এ ঘটনায় তিনি কুলবিন্দর কাউর নামে সাহসী ওই নারী নিরাপত্তারক্ষীকে অভিবাদন জানিয়ে একটি ভিডিও পোস্ট করেছেন। তাতে তিনি পাঞ্জাবের জনগণ ও পাঞ্জাবের সংস্কৃতি রক্ষার জন্য কুলবিন্দরকে অভিবাদন জানানা।

সম্প্রতি অনুষ্ঠিত ভারতের লোকসভা নির্বাচনে বিজয়ী হয়েছেন কঙ্গনা। নির্বাচনে তিনি দেশটির ক্ষমতাসীন দল বিজেপির প্রার্থী হিসেবে হিমাচল প্রদেশের মান্ডি আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করেন। গত মঙ্গলবার লোকসভা নির্বাচনের ফল ঘোষণার দুই দিন পর বৃহস্পতিবার বিকালে দিল্লি আসার পথে চণ্ডীগড় বিমানবন্দরে অনাকাঙ্ক্ষিত ওই ঘটনার মুখোমুখি হন কঙ্গনা। কঙ্গনা বলেছেন, "ওই কনস্টেবল আমার মুখে আঘাত করেন এবং আমাকে নিপীড়ন করতে শুরু করেন। আমি জিজ্ঞেস করলাম তিনি কেন এটা করছেন। তখন তিনি (নারী নিরাপত্তারক্ষী) বললেন যে তিনি কৃষক আন্দোলন সমর্থন করেন।"

ভিডিও বার্তায় কঙ্গনা আরও বলেন, "আমি নিরাপদ আছি। কিন্তু আমি উদ্বিগ্ন পাঞ্জাবে যেভাবে উগ্রপন্থা বাড়ছে...তা কীভাবে আমরা সামলাব?"

**কনস্টেবল কুলবিন্দর কী বললেন?**

সামাজিক যোগাযোগমাধ্যমে ঘুরে বেড়ানো একটি ভিডিওতে দেখা গেছে, ক্ষুব্ধ কুলবিন্দর কাউর উপস্থিত লোকজনের সঙ্গে কথা বলছেন। ধারণা করা যায়, ঘটনাটির পর তিনি এ কথা বলেন। ভিডিওতে তাকে বলতে শোনা যায়, "কঙ্গনা বলেছিলেন- কৃষকেরা দিল্লিতে বিক্ষোভ করছেন; কারণ, তাদের ১০০ বা ২০০ রুপি করে দেওয়া হয়েছিল। সেই বিক্ষোভকারীদের একজন ছিলেন আমার মা।"


কৃষক আন্দোলন নিয়ে কঙ্গনা রানাউতের অবস্থানের কারণে তার ওপর ক্ষুব্ধ ছিলেন কনস্টেবল কুলবিন্দর কাউর। ঘটনাটির পর তাকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। তার বিরুদ্ধে একটি মামলাও দায়ের হয়েছে। বিমানবন্দরে নিরাপত্তার দায়িত্ব পালন করা সিআইএসএফ এ ঘটনা তদন্তেরও পদক্ষেপ নিয়েছে।

কুলবিন্দরের বিরুদ্ধে এসব ব্যবস্থার প্রেক্ষাপটে তার পক্ষে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন এই নিরাপত্তাকর্মীর ভাই শের সিং মহীভাল। যিনি নিজে কৃষক আন্দোলনের একজন সংগঠক। একটি ভিডিওতে তিনি বলেছেন, "সংবাদমাধ্যমের খবরে আমি চণ্ডীগড় বিমানবন্দরের ঘটনা সম্পর্কে জানতে পেরেছি। আমি এখন বুঝতে পেরেছি যে ঘটনাটি ঘটেছে কঙ্গনার মুঠোফোন ও পার্স তল্লাশির সময়ে। কঙ্গনা বলেছিলেন যে কৃষক বিক্ষোভের সময় নারীরা সেখানে গেছেন ১০০ রুপির জন্য। এই তর্কাতর্কির মধ্যে আমার বোনের ক্ষুব্ধ হওয়াটাই স্বাভাবিক। সেটা থেকেই ঘটনাটি ঘটেছে।"

সেনা ও কৃষক উভয়ই গুরুত্বপূর্ণ এবং প্রতিদিন তারা তাঁদের দায়িত্ব পালন করছেন উল্লেখ করে শের সিং মহীভাল বলেন, "এ ঘটনায় আমরা তাঁকে সর্বাত্মক সমর্থন করছি।"

জানা গেছে, শের সিং মহীভাল একজন কৃষকনেতা। তিনি পাঞ্জাবের কাপুরথালা শহরের কিষান মজদুর সংহর্ষ কমিটির সাংগঠনিক সম্পাদক।

# বৃষ্টিতে ভেসে গেল শ্রীলঙ্কা-নেপাল ম্যাচ; লাভ হলো বাংলাদেশের?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গ্রুপ পর্বের প্রথম দুই ম্যাচ হেরে ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু করেছিল শ্রীলঙ্কা। সুপার এইটে উঠতে হলে তাই নেপালের বিপক্ষে জিততে হতো তাদের। কিন্তু বৃষ্টিতে আজ ফ্লোরিডার ম্যাচ ভেসে গেল। অন্যদিকে তাদের হারে আনুষ্ঠানিকভাবে প্রথম দল হিসেবে আসরের সুপার এইটে উঠল দক্ষিণ আফ্রিকা।

শ্রীলঙ্কা-নেপাল ম্যাচের দিন সকাল থেকেই সেখানে তুমুল বৃষ্টিপাতে ভেজা ছিল পুরো আউটফিল্ড। থেমে থেমে বৃষ্টির কারণে হতে পারেনি টসও। বেশ কয়েকবার মাঠ পরিদর্শন করার পর ম্যাচ বাতিলের সিদ্ধান্ত নেন আম্পায়াররা। এতে পয়েন্ট ভাগাভাগি করেই সন্তুষ্ট থাকতে হয় দুই দলকে। ১ পয়েন্ট করে নিয়ে সবার নিচের দুটি স্থানে আছে তারা। পয়েন্ট ভাগাভাগি হওয়ায় লঙ্কানদের শেষ আটের সম্ভাবনা প্রায় শেষ। লঙ্কানদের জন্য এখন সমীকরণ বেশ কঠিন। শেষ ম্যাচে নেদারল্যান্ডসকে হারাতে হবে। আর তাকিয়ে থাকতে হবে বাংলাদেশ-নেদারল্যান্ডস ম্যাচের দিকে। বাংলাদেশ ও নেদারল্যান্ডসের ম্যাচে যেকোনো দল জিতলেই বাদ হয়ে যাবে শ্রীলঙ্কা। আর যদি এই ম্যাচ বৃষ্টিতে ভেসে যায় বা কোন কারণে ড্র হয়, তবেই বেঁচে থাকবে শ্রীলঙ্কার আশা। সুপার এইটের ক্ষীণ সুযোগ আছে নেপালেরও। তাদের জিততে হবে বাংলাদেশ ও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে। আর আশায় থাকতে হবে নেদারল্যান্ডস যেন বাংলাদেশের কাছে হেরে যায়।

শ্রীলঙ্কা-নেপাল ম্যাচ পরিত্যক্ত হওয়ায় ৬ পয়েন্ট নিয়ে সবার আগে সুপার এইটে পৌঁছে গেছে দক্ষিণ আফ্রিকা। এই গ্রুপ থেকে তিন ম্যাচের সবকটি জিতে সবার আগে সুপার এইটে জায়গা নিশ্চিত করেছে দক্ষিণ আফ্রিকা। তিন ম্যাচে তিন জয়ে ৬ পয়েন্ট নিয়ে 'ডি' গ্রুপের চূড়ায় আছে তারা। ২ পয়েন্ট নিয়ে পরের দু'টি স্থানে বাংলাদেশ ও নেদারল্যান্ডস।

এই ম্যাচ ভেস্তে যাওয়ায় বাংলাদেশের জন্য সমীকরণ এখন অনেকটাই সহজ। পরের ম্যাচে নেদারল্যান্ডসের বিপক্ষে বড় ব্যবধানে জিততে পারলেই শেষ আট অনেকটাই নিশ্চিত হয়ে যাবে শান্তদের। আগামীকাল বৃহস্পতিবার (১৩ জুন) নিজেদের তৃতীয় ম্যাচে মাঠে নামবে নেদারল্যান্ডস ও বাংলাদেশ।

# কোহলিকে ছাড়িয়ে বাবরের বিশ্বরেকর্ড



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিরাট কোহলিকে পেছনে ফেলে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে এখন সবচেয়ে বেশি রানের মালিক হয়েছেন পাকিস্তান ওপেনার বাবর আজম। বৃহস্পতিবার টি-টোয়েন্টি বিশ্বকাপে যুক্তরাষ্ট্রের বিপক্ষে মাঠে নামার আগে এই রেকর্ড গড়তে মাত্র ১৬ রানের প্রয়োজন ছিল বাবরের। তবে বাবর খেলেছেন ৪৪ রানের ইনিংস।

১২০তম ম্যাচ খেলতে নামা বাবরের বর্তমান সংগ্রহ ৪ হাজার ৬৭ রান। বিরাট কোহলি অবশ্য খুব একটা পিছিয়ে নেই। ভারতের অন্যতম সেরা এই ব্যাটার আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ৪ হাজার ৩৮ রান করেছেন। তালিকার তিনে আছেন কোহলির সতীর্থ ও ভারতীয় অধিনায়ক রোহিত শর্মা (৪০২৬ রান)।

এদিন ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে সুপার ওভারে যুক্তরাষ্ট্রের কাছে হেরেছে পাকিস্তান। ডালাসের গ্র্যান্ড প্রেইরি স্টেডিয়ামে প্রথমে ব্যাট করে পাকিস্তান করেছিল ৭ উইকেটে ১৫৯ রান। জবাবে যুক্তরাষ্ট্র ৩ উইকেট হারিয়ে থামে ১৫৯ রানেই।

ফলে সুপার ওভারে গড়িয়েছে ম্যাচটি। পরে সুপার ওভারে ১ উইকেট হারিয়ে যুক্তরাষ্ট্র ১৮ রান তোলে। জবাবে পাকিস্তান ১ উইকেট হারিয়ে তোলে ১৩ রান।

# তুরস্ক রুখে দিল ইউরো চ্যাম্পিয়নদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টানা দুই ফিফা বিশ্বকাপের বৈতরণী পার হতে পারেনি ইউরোপের অন্যতম পরাশক্তি ইতালি। কিন্তু সবাইকে চমকে দিয়ে ইউরো চ্যাম্পিয়নশিপের ২০২১ সালের আসরে ট্রফি উঁচিয়ে ধরে তারা। তবে আরেকটি ইউরো যখন আসন্ন, প্রস্তুতিটা ঠিকঠাক নিতে পারল না আজ্জুরিরা। প্রীতি ম্যাচে তুরস্কের বিপক্ষে গোলশূন্য ড্র করেছে লুসিয়ানো স্পালেত্তির শিষ্যরা।

বোলোনিয়ার রেনাতো স্টেডিয়ামে চারবারের বিশ্বচ্যাম্পিয়নদের বিপক্ষে সমানে-সমানে লড়েছে তুরস্ক। বলের নিয়ন্ত্রণ এবং আক্রমণ, সবক্ষেত্রে। গোলের জন্য ইতালিয়ানরা ১১টি আর তুর্কিরা ১০টি শট নিতে পারে। যার মধ্যে দুই দলেরই দুটি করে শট লক্ষ্যে ছিল।

নিজেদের ঝালিয়ে নিতে আরেকটি প্রস্তুতি ম্যাচ খেলার সুযোগ পাচ্ছে ইতালি। মূল পর্বের লড়াইয়ের আগে আগামী সোমবার বসনিয়ার মুখোমুখি হবে তারা। আর নিজেদের শেষ প্রস্তুতি ম্যাচে মঙ্গলবার পোল্যান্ডের মুখোমুখি হবে তুরস্ক। ইউরোয় 'এফ' গ্রুপে তুরস্কের সঙ্গে আছে জর্জিয়া, পর্তুগাল ও চেক রিপাবলিক।

# নামিবিয়াকে গুঁড়িয়ে সুপার এইটে অস্ট্রেলিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অ্যান্টিগার স্যার ভিভ রিচার্ডস স্টেডিয়ামে আজ গ্রুপ 'বি'-এর ম্যাচে ৯ উইকেটের বিশাল জয় পেয়েছে অজিরা। নামিবিয়ার সব উইকেট হারিয়ে ছুড়ে দেওয়া ৭২ রানের লক্ষ্য ৫.৪ ওভারেই পেরিয়ে যায় মার্শবাহিনী।

আগে ব্যাটিংয়ে নেমে অজি বোলারদের তোপের মুখে পড়েন নামিবিয়ার ব্যাটাররা। একের পর উইকেট পতনের মিছিলে একাই লড়েন নামিবিয়ার অধিনায়ক গেরহার্ড এরাসমাস। ৪৩ বলে ৩৬ রান করেছেন তিনি। বাকিরা ছিলেন আসা-যাওয়ার মধ্যেই।

বল হাতে অস্ট্রেলিয়ার লেগ স্পিনার অ্যাডাম জাম্পা ৪ ওভারে মাত্র ১২ রানে ৪ উইকেট নিয়েছেন। এছাড়া ২টি করে উইকেট গেছে জস হ্যাজলউড এবং মার্কাস স্টইনিসের ঝুলিতে। ১টি করে উইকেট দখল করেছেন প্যাট কামিন্স ও নাথান এলিস।

জবাবে শুরু থেকেই আগ্রাসী ব্যাটিং করেন দুই অজি ওপেনার ডেভিড ওয়ার্নার ও ট্রাভিস হেড। ৮ বলে ২০ রান করে ওয়ার্নার আউট হন ডেভিড ভিসের বলে। পাওয়ার প্লের মধ্যেই বাকি পথ সহজে পাড়ি দেন হেড ও মিচেল মার্শ। ১৭ বলে ৩৪ রানে অপরাজিত থাকেন হেড। ৯ বলে ১৮ রান নিয়ে জয় নিশ্চিত করে মাঠ ছাড়েন মার্শ।

অস্ট্রেলিয়া ম্যাচ জিতেছে ৮৬ বল হাতে রেখে। টি-টোয়েন্টি বিশ্বকাপে এর চেয়ে দ্রুত জয় পাওয়ার ঘটনা আছে মাত্র একটি। ২০১৪ সালে চট্টগ্রামে নেদারল্যান্ডসের বিপক্ষে ৯০ বল হাতে রেখে জয় তুলে নিয়েছিল শ্রীলঙ্কা। বিশ্বকাপে পাওয়ার প্লেতে এর চেয়ে বেশি রান (৭৪/১) এর আগে করেনি অস্ট্রেলিয়া। সমান রান তারা করেছিল এই বিশ্বকাপেই ইংল্যান্ডের বিপক্ষে।

পাওয়ার প্লেতে রানের ব্যবধানের দিক থেকেও একটি রেকর্ড হয়েছে। নামিবিয়া যেখানে সংগ্রহ করেছে ৩ উইকেটে ১৭ রান, অস্ট্রেলিয়ার সংগ্রহ সেখানে ১ উইকেটে ৭৪ রান। অর্থাৎ রানের পার্থক্য ৫৭ রান। এর আগে দুবাইয়ে ২০২১ সালে নামিবিয়ার বিপক্ষেই পাওয়ার প্লেতে ৫৫ রান বেশি করেছিল স্কটল্যান্ড। ৩ ম্যাচে ৬ জয়ে সুপার এইট নিশ্চিত করেছে অস্ট্রেলিয়া। অন্যদিকে তাদের গ্রুপ থেকে বিদায় নিশ্চিত হয়েছে নামিবিয়া ও ওমানের। বাকি আছে স্কটল্যান্ড ও ইংল্যান্ড। যেখানে স্কটিশরা ৩ ম্যাচে ৫ পয়েন্ট নিয়ে আছে সুবিধাজনক অবস্থানে। আর ২ ম্যাচে ১ পয়েন্ট নিয়ে বাদ পড়ার শঙ্কায় ইংলিশরা।

# ইন্টার মায়ামিতে মেসির সঙ্গে জুটি বাঁধবেন ডি মারিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর্জেন্টাইন তারকা অ্যাঞ্জেল ডি মারিয়া ক্যারিয়ারের সায়াহ্নে পৌছে গেছেন। জাতীয় দলের হয়ে কোপা আমেরিকায় হতে যাচ্ছে তার শেষ আসর। এরপর কি করবেন? জানা গেছে, ক্যারিয়ারের শেষদিকে প্রিয় সতীর্থ মেসির সঙ্গে একই দলে খেলতে যুক্তরাষ্ট্রে পাড়ি জমাবেন তিনি। খেলবেন ইন্টার মায়ামির হয়ে। খবর পর্তুগিজ সংবাদমাধ্যম 'অ্যা বোলা'র।

আর্জেন্টিনা বিশ্বকাপ জেতার পর গেল বছরের জুলাইয়ে পর্তুগিজ জায়ান্ট বেনফিকায় যোগ দেন ডি মারিয়া। ইউরোপে এই আর্জেন্টাইনের প্রথম ক্লাব ছিল বেনফিকাই। ২০১০ সালে এখান থেকেই রিয়াল মাদ্রিদে যোগ দেন। বেনফিকায় যোগ দেয়ার মধ্য দিয়েই ডি মারিয়ার শেকড়ে ফেরার শুরু।

তবে বেশিদিন এখানে থাকছেন না আর্জেন্টিনার অনেক জয়ের নায়ক। বেনফিকার সঙ্গে এক বছরের চুক্তির শেষের দিকে আছেন ডি মারিয়া। এই জুনেই ফ্রি এজেন্ট হয়ে যাবেন তিনি। এরপর এই উইঙ্গার আর্জেন্টিনায় ফিরে যাওয়ার পরিকল্পনা করেছেন।

শৈশবের ক্লাব রোজারিও সেন্ট্রালের হয়ে কিছুদিন খেলবেন ডি মারিয়া। ১৯ বছর আগে যেখান থেকে শুরু হয়েছিল তার পেশাদার ফুটবল যাত্রা। রোজারিও সেন্ট্রালে ছয় মাস কাটানোর পর নতুন মৌসুমের শুরুতে ইন্টার মায়ামিতে যোগ দেবেন সাবেক রিয়াল তারকা।

সতীর্থ ও বন্ধু মেসির সঙ্গেই ক্যারিয়ারের শেষাংশে খেলতে চান ডি মারিয়া। অ্যা বোলোর দাবি, এই গ্রীষ্মেই ডি মারিয়ার স্ত্রী ও সন্তানরা ফ্লোরিডায় থিতু হচ্ছে। এর ফলে তারা সেখানে কাছের বন্ধুদের সঙ্গে থাকার সুযোগ পাবে। এরপর ২০২৫ সালের শুরুতেই ডি মারিয়া সকলের সঙ্গে যোগ দেবেন।

ফ্লোরিডায় মেসি তার স্ত্রী-সন্তানদের নিয়ে বাস করছেন। ইন্টার মায়ামির সঙ্গে ২০২৫ সাল পর্যন্ত চুক্তি আছে মেসির। তবে যতদূর সম্ভব আরও ১২ মাসের জন্য চুক্তি নবায়নের সুযোগটি গ্রহণ করবেন তিনি। ফলে মেসি-ডি মারিয়া জুটি মার্কিন মুলুকেও দেখতে পাচ্ছেন দর্শকরা।

# হারিস রউফের বিরুদ্ধে বল টেম্পারিংয়ের অভিযোগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাকিস্তানি পেসার হারিস রউফের বিরুদ্ধে এবার বল টেম্পারিংয়ের অভিযোগ উঠেছে। অভিযোগ তুলেছেন যুক্তরাষ্ট্রের সাবেক পেসার রাস্টি থেরন। চলমান বিশ্বকাপে বিপক্ষে ঐতিহাসিক জয় পায় স্বাগতিক যুক্তরাষ্ট্র। এই জয়ের পরেই হারিস রউফের বিরুদ্ধে এমন অভিযোগ করেন যুক্তরাষ্ট্রের সাবেক এই পেসার। ইন্ডিয়ান এক্সপ্রেসের প্রতিবেদনে এসব তথ্য জানা গেছে।

শুক্রবার (৭ জুন) সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স'-এ নিজের হ্যান্ডলে থেরন লিখেছেন, 'আইসিসি, কিছুক্ষণ আগে পাকিস্তানের পাল্টানো বল খামচে চামড়া তুলে ফেলাটা কি আমরা না দেখার ভান করে থাকব? মাত্র দুই ওভার আগে পাল্টানো বল রিভার্স সুইং করছে! বুড়ো আঙুলের নখ দিয়ে বলের ওপর হারিস রউফের খামচানো সবাই দেখেছে।'

এই অভিযোগ একমাত্র থেরনই করেছেন। এছাড়া ম্যাচের জয়ী খেলোয়াড় কিংবা কোচিং স্টাফদের কেউ এমন মন্তব্য করেননি। অবশ্য পাকিস্তান অধিনায়ক বাবর আজমের কথায় থেরনের ভাবনা আরও জোরালো হচ্ছে। সুপার ওভারে হারের পর পাকিস্তান অধিনায়ক বাবরও বলেছেন, বল রিভার্স সুইং করায় তারা ইয়র্কার মারার চেষ্টা করেছেন।

উল্লেখ্য, দুই দেশের হয়ে আন্তর্জাতিক ক্রিকেট খেলেছেন থেরন। ২০১০ সালে দক্ষিণ আফ্রিকার হয়ে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক এই পেসারের। ২০১০ থেকে ২০১২ সাল পর্যন্ত আন্তর্জাতিক ক্রিকেটে প্রোটিয়াদের হয়ে ৪টি ওয়ানডে ও ৯টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন ৩৮ বছর বয়সী থেরন। যুক্তরাষ্ট্রের হয়ে খেলেছেন ৯ টি-টোয়েন্টি ও ১৪ টি ওয়ানডে ম্যাচ।

# ২৩ বছর বয়সেই ২২ হ্যাটট্রিক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রতিপক্ষের গোলমুখে আরালিং হালান্ড থাকা মানেই অস্বস্তিকর। আর ফর্মে থাকলে তো কথাই নেই। 'গোল মেশিন' নামের স্বার্থকতা প্রমাণ করাই যেন হালান্ডের কাজ। সেটাই আরেকবার দেখালেন নরওয়ের তারকা। আলো ছড়ালেন জাতীয় দলের হয়ে।কসোভোর বিপক্ষে প্রীতি ম্যাচে দলের ৩-০ গোলের জয়ে তিনটি গোলই করেছেন হালান্ড।

ম্যাচের ১৫তম মিনিটে হেডে দলকে এগিয়ে নেওয়ার পর দ্বিতীয়ার্ধে আরও দুবার জালে বল পাঠিয়ে হ্যাটট্রিক পূরণ করেন হালান্ড। ৭০তম মিনিটে পাল্টা আক্রমণে বাঁ পায়ের শটে ব্যবধান দ্বিগুণ করার পাঁচ মিনিট পর কোনাকুনি শটে জয় নিশ্চিত করেন ম্যানচেস্টার সিটি তারকা।

এ নিয়ে সব মিলিয়ে ২২টি হ্যাটট্রিক করে ফেললেন হালান্ড। অথচ বয়স মাত্র ২৩! দেশের হয়ে তার হ্যাটট্রিক হলো তিনটি। আর নিজের বর্তমান ক্লাব সিটির হয়ে দুই বছরের ক্যারিয়ারে তিনি হ্যাটট্রিক করেছেন ৯টি। তার বাকি ১০টি হ্যাটট্রিক মোল্ডা, সালসবুর্ক ও বরুশিয়া ডর্টমুন্ডের হয়ে। জাতীয় দলের হয়ে ৩২ ম্যাচে ৩০ গোল হলো হলান্ডের।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR